<table>
<tr><td></td><td></td><td>মৎস্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজলো প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অধীন ০৪টি ভবন মেরামতের জন্য ৩০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে উক্ত বরাদ্দ হতে ভবনসমূহ কোটেশন/টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা,ড্রেন ও সীমানা প্রাচীর এবং নির্মানাধীন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের প্রধান ফটকের/গেইটের প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। প্রাক্কলনটি অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরনের প্রস্তাব করেন। তিনি আরো জানান যে, ইতোপূর্বে কনডেমনেশন/অকেজো ঘোষনার জন্য বসুমতি/শ্যামলী ভবনের প্রক্কলন জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবর প্রেরন করা হয়েছিল। কিন্তু জেলা প্রশাসকের কার্যলিয় হতে ভবন দুটির প্রস্তাব সংশোধনপূর্বক পুনরায় প্রেরনের জন্য বলা হয়। বিধায় ভবন দুটির কনডেম ঘোষনার প্রস্তাব সংশোধনপূর্বক পুনরায় প্রেরনের প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন ০৫টি দোকান ঘর রয়েছে। এর মধ্যে ১নং এবং ২নং দোকানঘরের ভাড়াটিয়ার মেয়াদ শেষ হওয়ার পুনরায় ভাড়া প্রদানের এবং দোকান ০২টি হতে প্রাপ্ত ভাড়া উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম ও মোয়জ্জিন সাহেবের বেতন ভাতা প্রদানের জন্য উপজেলা পরিষদ জামে মসজিদের ব্যাংক হিসাব নম্বরে জমা করার প্রস্তাব করেন। পাশাপাশি ৩নং এবং ০৫নং দোকান ঘরের ভাড়া উপজেলা অফির্সাস ক্লাবের হিসাব নম্বরে জমা করার এবং ০৪নং দোকানঘর উপজেলা ডিজিটাল সেন্টার হিসাবে ব্যবহারের প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী আরো জানান হাওড় এলাকায় উড়াল সড়ক ও ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলাধীন ধর্মপাশা জিসি-জয়শ্রী জিসি সড়ক চেইনেছ ০০ হতে ১০০০মিটার পুর্নবাসন কাজের ডিজাইনকৃত ১৮'-০" চওড়া রাস্তাটি বাস্তবায়নের জন্য ধর্মপাশা খাদ্য গুদামের দক্ষিণ পাশে বাউন্ডারী ও গেইট ৩'-০" এ স্থানান্তরে প্রয়োজনীয়তা সভায় প্রস্তাব করেন এবং নতুন রাস্তা আইডিভুক্ত করার জন্য লামা মেউহারী ইউজেডআর নোয়াগাও ভায়া কংশ নদী ফেরীঘাট ১.০৭ কিঃমিঃ রাস্তা প্রস্তাব করেন। তিনি আরো জানান হরমজুজের আলী বাড়ী পশ্চিমপাড়ে ঘটলা নির্মান টেন্ডার আহবান করা হয়। কিন্তু বন্যা পানি আসায় উক্ত স্থানে ঘাটলা নির্মাণ করা সম্ভব হচ্ছে না। ফলে বাহাদুরপুর পুকুর পাড়ে ঘাটলা নির্মান করার জন্য প্রস্তাব করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব তহবিল হতে জরুরী ভিত্তিতে কিছু সংখ্যক প্রকল্প অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমান</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা সম্মেলন কক্ষ সংস্কার মেরামত</td><td>৪,৬০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা পষিদের জন্য আসবাবপত্র ক্রয়</td><td>২,০০,০০০/-</td><td>প্রঃ কঃ</td></tr>
</table>
ধর্মপাশা সদর ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, কামলাবাজ হতে নলগড়া যাওয়ার মধ্যে ০১টি ব্রীজ খুবই ঝুকিপূর্ন ও জরাজীর্ন অবস্থায় আছে অতিশ্রীর্ঘই ব্রীজটি ভেঙ্গে নতুন ব্রীজ নির্মান করা একান্ত জরুরী। জয়শ্রী চেয়ারম্যান সভায় জানান যে, জয়শ্রী হতে মধ্যনগর রাস্তায় বরই থেকে সানবাড়ী পর্যন্ত রাস্তা নির্মান করা খুবই প্রয়োজন। সুখাইড় রাজাপুর দক্ষিণ ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, রাজাপুর বাজার হতে রাজাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত মাটি ভরাট ও আরসিসি দ্বারা উন্নয়ন, রাজাপুর বাজার পাকা ঘাটলা হতে গাজীনগর কবর স্থান গাইড ওয়াল নির্মান, দৌলতপুর বাজারে পাকা ঘাটলা নির্মান, ঘুলোয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে নদীর পাড় রাস্তা নির্মান ও ঘাটলা নির্মান, ০৩নং ওয়ার্ডে লালবাড়ীর রাস্তায় কালভাটি নির্মান ও আইড়ারকুড়ের নালায় কালভার্ট নির্মান করা খুবই প্রয়োজন। তিনি আরো জানান যে, মেওহারী থেকে ঘুলুয়া পর্যন্ত রাস্তা পর্যন্ত রাবিশ অথবা ইটের শুকরী দেওয়া খুবই প্রয়োজন। মুক্তারপুর খেয়া ঘাটের আগে কুড়ীর খেও ভাঙা রাস্তা মেরামত। সুখাইড় রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও আরসিসি দ্বারা উন্নয়ন। মুক্তারপুর সরকারি বিদ্যালয়ের বিদ্যালয়ের পাশে রেলিং ব্যবস্থা গ্রহন করা।</td><td>১। উপজেলা পরিষদের আওতাধীন ০৪টি ভবনের সংস্কার ও মেরামত কাজ কোটেশন/টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা , ড্রেইন ও সীমানা প্রাচীর, প্রধান ফটকের/গেইটের নির্মান কাজের প্রাক্কলন স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য প্রেরনের নিমিত্ত সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। বসুমতি/শ্যামলী ভবনের প্রাক্কলন সংশোধনপূর্বক কনডেমনেশন ঘোষনার জন্য জেলা প্রশাসক কার্যালয়ে পুনরায় প্রেরনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন ০১নং ও ০২নং দোকানঘরের ভাড়া উপজেলা পরিষদ জামে মসজিদের ব্যাংক হিসাব নম্বরে, ০৩নং ও ০৫নং দোকানঘরের ভাড়া উপজেলা অফির্সাস ক্লাবে হিসাব নম্বরে এবং ০৪নং দোকানঘর উপজেলা ডিজিটাল সেন্টার হিসাবে ব্যবহারের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৫। জেলা সমন্বয় সভায় জেলা খাদ্য নিয়ন্ত্রন কর্মকর্তার দৃষ্টি আকর্ষন পূর্বক খাদ্য গুদামের বাউন্ডারী ও গেইট স্থানান্তর এবং নতুন রাস্তাটি আইডিভুক্ত করার জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবরে প্রেরনের সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৬। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ০২টি প্রকল্প পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৭। ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক উত্তাপিত প্রকল্পটি জনগুরুত্বপূর্ন হওয়ায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, ধর্মপাশা</td></tr>
</table>

CS CamScanner

